



প্রযুক্তি প্রতিদিন

projuktiprotidin@gmail.com

মাধ্যমিক শিক্ষার্থীদের জন্য শুরু হচ্ছে প্রোগ্রামিং প্রতিযোগিতা

কম্পিউটার প্রোগ্রামিং বিষয়ে স্কুল শিক্ষার্থীদের উৎসাহিত করতে প্রথমবারের মতো জাতীয় পর্যায়ে অনুষ্ঠিত হতে যাচ্ছে 'জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা-২০১৫'। আইসিটি বিভাগের উদ্যোগে আগামী ১৫ এপ্রিল থেকে দেশজুড়ে ১০টি অঞ্চলে শুরু হবে প্রতিযোগিতা। অঞ্চল পর্ব শেষে জুনের দ্বিতীয় সপ্তাহে অনুষ্ঠিত হবে প্রতিযোগিতার চূড়ান্ত আসর। অঞ্চল পর্বে প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হবে ঢাকা, রংপুর, রাজশাহী, কুষ্টিয়া, খুলনা, ময়মনসিংহ, সিলেট, চট্টগ্রাম, কুমিল্লা, ফরিদপুর এবং বরিশাল। প্রতিযোগিতা অনুষ্ঠানের জন্য ইতিমধ্যে অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের [ব্রুয়েট] কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ কায়কোবাদ এবং ম্যাথ অলিম্পিয়াড এবং বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্কের [বিডিওএসএন] সাধারণ সম্পাদক মনির হাসানের সমন্বয়ে একটি উপদেষ্টা

কমিটি গঠন করা হয়েছে। আইসিটি বিভাগ সূত্র জ্ঞানিয়েছে। প্রতিযোগিতাটি সূচ্যুভাবে সম্পন্ন করতে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের [বিসিসি] ব্যবস্থানায় ৬৪টি জেলা থেকে নির্বাচিত ৩২০ জন মেটরকে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। প্রশিক্ষিত মেটররা আঞ্চলিক পর্যায়ে প্রতিযোগিতার সমন্বয় ও পরিচালনা করবেন। প্রোগ্রামিং প্রতিযোগিতার মূল পর্ব হবে দুই ঘণ্টার। সবচেয়ে কম সংখ্যে সর্বোচ্চ সংখ্যক সমস্যার সমাধান দেওয়াটাই হবে প্রতিযোগিতার মূল চ্যালেঞ্জ। এই পর্বের সেরা ১০ জন জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশ নিতে পারবেন। অঞ্চল পর্যায়ের এই প্রতিযোগিতায় ৩০ মিনিটের অভিরিক্ত একটি কুইজ প্রতিযোগিতা থাকবে। জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় দেশ সেরা তিন উঠতি প্রোগ্রামার অংশ নিতে পারবেন খাইল্যান্ডে অনুষ্ঠিত আন্তর্জাতিক হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতায়।

■ ইমদাদুল হক